# AKASHVANI KOLKATA
## Regional News Unit

**Date: 17.06.2026 Time: 1-30PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় প্যারিস পৌঁছাবেন। #জি সেভেন শীর্ষ সম্মেলনে শ্রী মোদী, সামুদ্রিক জলপথে নিরাপত্তা এবং সংঘাতের বিপদ থেকে নাবিকদের জীবন সুরক্ষিত রাখার জন্য সমস্ত দেশের প্রতি আহ্বান জানিয়েছেন।

২) প্রধানমন্ত্রী, আত্মনির্ভরতা এবং উদ্ভাবনের ওপর ভিত্তি করে গত এক দশকে ভারতের প্রতিরক্ষা ক্ষমতা বৃদ্ধির ওপর আলোকপাত করেছেন।

৩) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন, ২০২৫-২৬ অর্থবর্ষে ভারতের বার্ষিক প্রতিরক্ষা উৎপাদন সর্বকালের সর্বোচ্চ ১ লক্ষ ৭৮ হাজার কোটি টাকায় পৌঁছেছে।

৪) কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহ্বান এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব, শষ্যের অবশিষ্টাংশ ব্যবস্থাপনা এবং ফসলের নাড়া পোড়ানোর দীর্ঘস্থায়ী সমস্যার সমাধান নিয়ে আলোচনার লক্ষ্যে এক উচ্চ পর্যায়ের বৈঠকে পৌরোহিত্য করেন।

৫) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কলকাতা সফরের আগে, মহানগরীকে 'নতুন রূপে' সাজিয়ে তোলার লক্ষ্যে আয়োজিত 'স্বচ্ছতা সে স্বাগত' অভিযানে সরাসরি অংশ নিচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।

৬) ফিফা ফুটবল বিশ্বকাপে, **আলজেরিয়ার** বিরুদ্ধে জয় দিয়ে অভিযান শুরু করলো গতবারের বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা।

৭) পুরুষদের ক্রিকেটে, আজ তিন ম্যাচের সিরিজের দ্বিতীয় ওয়ানডে-তে আফগানিস্তান আজ টসে জিতে ভারতকে প্রথমে ব্যাট করতে পাঠিয়েছে।

**************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় প্যারিস পৌঁছাবেন। সেখানেই বসবাসরত ভারতীয় সম্প্রদায়, শ্রী মোদীকে অভ্যর্থনা জানাতে উতসুক হয়ে রয়েছে। চলছে যাবতীয় প্রস্তুতি। আকাশবানীর সংবাদদাতা জানিয়েছেন, আগামীকাল সকালে প্রধানমন্ত্রী মোদী, সেখানকার মুখ্য কার্য নির্বাহী আধিকারিকদের সঙ্গে বৈঠক করবেন। ব ইকেলে তিনি ইউরোপের অন্যতম শীর্ষস্থানীয় প্রযুক্তি ও উদ্ভাবন অনুষ্ঠান ভিভা টেক সম্মেলনে অংশ নেবেন। সেখানেই শ্রী মোদী বক্তব্য রাখতে পারেন। সন্ধ্যায় প্রধানমন্ত্রী এক অনুষ্ঠানে ভারতীয় সম্প্রদায়ের সঙ্গে মত বিনিময় করবেন। ভারতীয় সমৃদ্ধশালী ঐতিহ্য এবং মানুষে মানুষে জনসংযোগের মাধ্যমের ঐ অনুষ্ঠানে ভারত ও ফ্রান্সের মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো শক্তিশালী হবে বলে মনে করা হচ্ছে।

এদিকে, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, সামুদ্রিক জলপথে নিরাপত্তা এবং সংঘাতের বিপদ থেকে নাবিকদের জীবন সুরক্ষিত রাখার জন্য সমস্ত দেশের প্রতি আহ্বান জানিয়েছেন। ফ্রান্সের এভিয়ঁ-য় জি সেভেন শীর্ষ সম্মেলনে শ্রী মোদী বলেন, পশ্চিম এশিয়ায় সংঘাতের ফলে বিশ্ব বাণিজ্য বিঘ্নিত হয়েছে। ঘটেছে প্রাণহানিও। সামুদ্রিক বাণিজ্য

উদ্ভূত ঝুঁকি এবং অস্থিরতার ফলে মৃত্যুর উল্লেখ করে শ্রী মোদী বলেন, নাবিকদের জীবন রক্ষা করা আমাদের সকলের কর্তব্য।

**********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, আত্মনির্ভরতা এবং উদ্ভাবনের ওপর ভিত্তি করে গত এক দশকে ভারতের প্রতিরক্ষা ক্ষমতা যে উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে, তার ওপর আলোকপাত করেছেন। সমাজ মাধ্যমের তাঁর অ্যাকাউন্ডে মাই গভের থ্রেড শেয়ার করে শ্রী মোদী, কিভাবে দেশ বায়ু, ভূমি এবং সামূদ্রিক প্রতিরক্ষা ক্ষমতা বৃদ্ধি করেছে তা ব্যখ্যা করেন। দেশের নিরাপত্তায় আত্মনির্ভরতা ও দেশীয় প্রযুক্তিতে উৎপাদিত প্রতিরক্ষা সামগ্রীর বিকাশের কথাও প্রধানমন্ত্রী ঐ পোষ্টে জানিয়েছেন। তিনি বলেন, গত ১২ বছরে প্রতিরক্ষা ক্ষেত্রে দেশে নতুন জোয়ার এসেছে।

**********************************************************************

স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার গত ১২ বছরে ভারতকে নিরাপত্তার এক দুর্ভেদ্য ঘাঁটিতে পরিণত করেছে। এর ফলে নাগরিকরা যেমন একদিকে সুরক্ষা পাচ্ছে অন্যদিকে শত্রুদের ওপর আঘাত হানা সম্ভব হচ্ছে। সমাজ মাধ্যমে একবার্তায় শ্রী শাহ বলেন, সার্জিক্যাল স্ট্রাইক, বিমান হামলা ও অপারেশন সিন্দুর  সীমান্তের ওপারে শত্রুদের মোকাবিলায় গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।

এছাড়াও ৩৭০ ধারা বাতিল, মাওবাদীদের মোকাবিলা করতে ভারত সরকারের অঙ্গীকার গোটা বিশ্বের কাছে দৃষ্টান্ত স্থাপন করেছে।

**********************************************************************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং জানিয়েছেন, ২০২৫-২৬ অর্থবর্ষে ভারতের বার্ষিক প্রতিরক্ষা উৎপাদন সর্বকালের সর্বোচ্চ ১ লক্ষ ৭৮ হাজার কোটি টাকায় পৌঁছেছে। সমাজামধ্যমে এক বার্তায় তিনি উল্লেখ করেন, আগের অর্থবর্ষের ১ লক্ষ ৫৪ হাজার কোটি টাকার উৎপাদনের তুলনায় এবছরে ১৫ দশমিক ৬ শতাংশ বৃদ্ধি হয়েছে। তিনি আরও জানান, ২০১৩-১৪ অর্থবর্ষের ৪ হাজার ৭ শো ৪৬ কোটি টাকার তুলনায় দেশীয় প্রতিরক্ষা উৎপাদন প্রায় চারগুণ বৃদ্ধি পেয়েছে। প্রতিরক্ষামন্ত্রী বলেন, সাম্প্রতিক বছরগুলোতে ভারতের প্রতিরক্ষা উৎপাদনে এই উল্লেখযোগ্য বৃদ্ধি, প্রতিরক্ষা উৎপাদন বিভাগ এবং অন্যান্য সংশ্লিষ্ট সকল পক্ষের সম্মিলিত প্রচেষ্টার ফল। শ্রী সিং জোর দিয়ে বলেন, ধারাবাহিকভাবে নীতিগত সহায়তা, নতুন উদ্যোগ, বেসরকারি খাতের বর্ধিত অংশগ্রহণ এবং ক্রমবর্ধমান রপ্তানি বৃদ্ধিরর ফলে আগামী বছরগুলোতে প্রতিরক্ষা উৎপাদন খাতের গতি আরও বাড়তে চলেছে।

**********************************************************************

ভারত ও থাইল্যান্ড তাদের দশম প্রতিরক্ষা আলোচনায় উৎপাদন, গবেষণা, উদ্ভাবন ক্ষেত্রে সহযোগিতা আরও শক্তিশালী করতে সম্মত হয়েছে। ব্যাঙ্ককে গতকাল এই আলোচনায় যৌথ ভাবে পৌরহিত্য করেন থাইল্যান্ডের প্রতিরক্ষা বিষয়ক সচিব অ্যাডমিরাল নুপ্টাপোল ডিউভানিচ এবং ভারতের প্রতিরক্ষা মন্ত্রকের যুগ্ম সচিব সত্যজিৎ মোহান্তি। এবারের গুরুত্বপূর্ণ বৈঠকে উভয় দেশই পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক নিরাপত্তা বিষয়ে মত বিনিময় করে। এছাড়াও দ্বিপাক্ষিক প্রতিরক্ষা বিষয় নিয়েও দুটি দেশ তাদের সহযোগিতা বৃদ্ধি করার উপর গুরুত্ব দিয়েছে। বৈঠকে ভারত ও থাইল্যান্ড সামুদ্রিক সহযোগিতা, প্রশিক্ষণ, সামরিক যোগাযোগ আরও বৃদ্ধি করবে বলে জানিয়েছে। এছাড়াও আসিয়ান গোষ্ঠী ভুক্ত দেশগুলির প্রতিরক্ষা পরিকাঠামোয় দুটি দেশ নিজেদের মধ্যে সহযোগিতা আরো জোরদার করবে।

*************************************************************************

কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল, মোনাকোর দ্বিতীয় প্রিন্স অ্যালবার্টের সঙ্গে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী গোয়েল জানান, বৈঠকে দুটি দেশ সমূদ্র অর্থনীতি বা ব্লু ইকোনমি, উদ্ভাবন এবং উদীয়মান প্রযুক্তির মতো ক্ষেত্রগুলির সম্প্রসারণ নিয়ে আলোচনা করেছে। এছাড়া তিনি দ্বিতীয় প্রিন্স অ্যালবার্টকে 'ভারত ইনোভেটস ২০২৬ সম্পর্কে বিস্তারিত জানান। ফ্রান্সের নিসে এই অনুষ্ঠানটি গতকালই শেষ হয়েছে। শ্রী গোয়েল দৃঢ় প্রত্যয়ী ব্যক্ত করে বলেন,আগামী দিনে ভারত ও মোনাকোর মধ্যে দ্বিপাক্ষিক সম্পর্ক বিভিন্ন দিকে প্রসারিত হবে।

*************************************************************************

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ বীর নায়ক মহারানা প্রতাপের জন্মবার্ষিকীতে গভীর শ্রদ্ধা জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় শ্রী বিড়লা বলেছেন, মহারানা প্রতাপের আত্মসম্মান বোধ, আত্মমর্যাদা, দেশপ্রেম মানুষ চিরদিন মনে রাখবে। তিনি আরও বলেন, চরম প্রতিকূল পরিস্থিতির মধ্যেও মহারানা আদর্শ ও দেশমাতৃকার সম্মান রক্ষায় আপোশ করেননি। তিনি বলেন, হলদিঘাটের যুদ্ধ মহারানা প্রতাপের আত্মত্যাগ অদম্য ইচ্ছাশক্তির প্রতিফলন ঘটেছে। শ্রী বিড়লা দেশের মানুষকে মহারানা প্রতাপের আদর্শ প্রতিটি মানুষকে অনুসরণ করতে বলেছেন।

*************************************************************************

বিশ্ব খরা ও মরু প্রসার প্রতিরোধ দিবস উপলক্ষে আজ কেন্দ্রীয় পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব, ভূমি সংরক্ষণের গুরুত্ব স্মরণে রাখার জন্য সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় তিনি বলেন, ভূমিই বাস্তুতন্ত্রের ভিত্তি এবং পুষ্টি ও শক্তির উৎস। ভবিষ্যৎ প্রজন্মের জন্য সুস্থ পরিবেশ গড়ে তুলতে ক্ষতিগ্রস্ত জমি পুনরুদ্ধারে সকলকে একযোগে কাজ করারও আবেদন জানান তিনি।

*************************************************************************

কেন্দ্রের NDA সরকারের বারো বছর পূর্তিতে আজ শুনবেন বিশেষ আলোচনা অভ্যন্তরীণ ও বৈদেশিক নিরাপত্তার যুগ বদল ও ভবিষ্যতের চ্যালেঞ্জ । রাজ্য পুলিশের প্রাক্তন মহানির্দেশক অধীর শর্মার সঙ্গে কথা বলেছেন অভিরূপ ভট্টাচার্য।

অনুষ্ঠানটি শুনবেন রাত সাড়ে ন'টা থেকে ১০টা গীতাঞ্জলি, ডিটিএইচ ও আকাশবাণীর সোশ্যাল মিডিয়াতে।

*****************************************************************************

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহ্বান এবং পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী ভূপেন্দ্র যাদব, শষ্যের অবশিষ্টাংশ ব্যবস্থাপনা এবং ফসলের নাড়া পোড়ানোর দীর্ঘস্থায়ী সমস্যার সমাধান নিয়ে আলোচনার লক্ষ্যে এক উচ্চ পর্যায়ের বৈঠকে পৌরোহিত্য করেন। গতকাল নতুন দিল্লীতে আয়োজিত এই বৈঠকে শ্রী চৌহ্বান বলেন, নাড়া পোড়ানোর ফলে পরিবেশই শুধুমাত্র দূষিত হয় না, নষ্ট হয় মাটির উর্বরতা। ছোট খাটো উপকারী কীট পতঙ্গ মারা পড়ে পৃথিবীর ভারসাম্যও লঙ্ঘিত হয়। তিনি বলেন, চলতি বছরে বিভিন্ন রাজ্যে এ সংক্রান্ত একাধিক উদ্যোগ নেওয়া হচ্ছে। এর মধ্যে রয়েছে ৪৬ হাজারের বেশী শষ্যের অবশিষ্টাংশ ব্যবস্থাপনা যন্ত্র বিতরণ, ৯১০ টি কাস্তম হায়ারিং কেন্দ্র স্থাপন সহ নানা কর্মসূচী। ২০২৬-২৭ অর্থবর্ষে শষ্যের অবশিষ্টাং ব্যবস্থাপনা প্রকল্পে কেন্দ্র, ৫৪৪ কোটি টাকা বরাদ্দ করেছে যার মধ্যে প্রথম দফায় ইতিমধ্যেই ২৭২ কোটি টাকার বেশী মঞ্জুর করা হয়েছে।

*****************************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কলকাতা সফরের আগে, মহানগরীকে 'নতুন রূপে' সাজিয়ে তোলার লক্ষ্যে আয়োজিত 'স্বচ্ছতা সে স্বাগত' অভিযানে সরাসরি অংশ নিচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। তিনি আজ সকালে বাগবাজারের মায়ের ঘাটে গঙ্গার পাড় সংলগ্ন এলাকায় পরিচ্ছন্নতা অভিযানে সামিল হন। সঙ্গে ছিলেন পুরমন্ত্রী অগ্নিমিত্রা পাল। ঝাঁটা হাতে তাঁদের গঙ্গার ঘাটের সিঁড়ি পরিস্কার করতে দেখা যায়।

সাংবাদিকদের শ্রী অধিকারী বলেন, 'নমামি গঙ্গে' প্রকল্পের আওতায় গঙ্গাকে দূষণ মুক্ত করার কাজ শুরু হয়েছে। স্বচ্ছ ও সুন্দর বাংলা গড়ে তুলতে রাজ্য সরকার প্রতিশ্রুতিবদ্ধ।

*****************************************************************************

জেলায় জেলায় জনকল্যাণ শিবিরে বিপুল জন সমাগমের কারণে এই শিবিরগুলির মেয়াদ আরো **একদিন বাড়িয়েছে** রাজ্য সরকার। আজকেই শিবির শেষ হওয়ার কথা ছিল। পরিবর্তে আগামীকাল **১৮ তারিখ পর্যন্ত** এই কর্মসূচি চলবে বলে প্রশাসনের তরফে জানানো হয়েছে। পুরসভা ও পঞ্চায়েতগুলিকে রাজ্যের তরফে এই মর্মে নির্দেশিকা পাঠানো হয়েছে।

উল্লেখ্য, গত দুদিনে রাজ্যজুড়ে দু'হাজারের বেশি শিবির বসেছে। গতকাল পর্যন্ত এই শিবিরে মোট ২৪ লক্ষ মানুষ এসেছেন বলে জানা গেছে।

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, আজ দক্ষিণ ২৪ পরগণার ফলতার ফতেপুরে এক জনকল্যাণ শিবিরে উপস্থিত থাকবেন। তিনি এই শিবিরগুলিতে বিধবাভাতা, বার্ধক্যভাতার আবেদনপত্র রাখার নির্দেশ দিয়েছেন। যদিও বর্তমানে এই ভাতা আপাতত বন্ধ রয়েছে। এব্যাপারে তিনি কেন্দ্রের সঙ্গে কথা বলবেন বলে মুখ্যমন্ত্রী গতসন্ধ্যায় নবান্ন থেকে জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠকে, আশ্বাস দেন। একইসঙ্গে কোনো অযোগ্য ব্যক্তি যাতে অন্নপূর্ণা যোজনার সুবিধা না পায়, তাও সুনিশ্চিত করতে হবে নির্দেশ দেন মুখ্যমন্ত্রী।

শিবিরে প্রচন্ড গরমে মানুষ যাতে অসুস্থ হয়ে না পড়েন, সেই জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নিতেও বলা হয়েছে জেলাশাসকদের।

****************************************************************************

দীর্ঘ অপেক্ষার পর পুদুচেরি মন্ত্রিসভায় আজ তিনজন নতুন মন্ত্রীকে অন্তর্ভুক্ত করা হয়েছে। লোক নিবাসে আয়োজিত এক অনুষ্ঠানে অল ইন্ডিয়া এন.আর. কংগ্রেসের বিধায়ক পি রাজভেলু ও ভি পি শিবাকোলুন্ধু এবং বিজেপির বিধায়ক জি এন. এস রাজাশেখরণ মন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন। উপ রাজ্যপাল কে. কৈলাশনাথন তাঁদের শপথ বাক্য পাঠ করান। মুখ্যমন্ত্রী এন. রঙ্গস্বামী এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

উল্লেখ্য,গত মাসে মুখ্যমন্ত্রী এন. রঙ্গস্বামী এবং দুই মন্ত্রী বিজেপি নেতা এ. নামাস্সিভায়াম ও অল ইন্ডিয়া এন.আর. কংগ্রেস নেতা মল্লাদি কৃষ্ণ রাও শপথ গ্রহণ করেছিলেন।

****************************************************************************

বিজেপি, নিট পরীক্ষার্থীদের ওপর অহেতুক চাপ সৃষ্টি করায় বিরোধী দলনেতা কংগ্রেসের রাহুল গান্ধীর ভূমিকার কড়া সমালোচনা করেছেন। দলের সদর দপ্তরে আজ এক অনুষ্ঠানে বিজেপি মুখপাত্র সুধাংশু ত্রিবেদী বলেন, স্বচ্ছতাবজায় রাখতেই ফের পরীক্ষা নেওয়া হচ্ছে। সমগ্র ব্যবস্থাপনা নির্বিঘ্ন রাখতে সরকার সবরকম পদক্ষেপ নিচ্ছে। ইচ্ছাকৃত ভাবেই কংগ্রেস এই বিভ্রান্তি তৈরী করছে বলেঅভিযোগ করেন তিনি।

****************************************************************************

ফিফা ফুটবল বিশ্বকাপে, আলজেরিয়ার বিরুদ্ধে জয় দিয়ে অভিযান শুরু করলো গতবারের বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা। কানসাস সিটি স্টেডিয়ামে আজ, তারা ৩-০ গোলে হারিয়ে দেয় আলজেরিয়াকে। ম্যাচের ১৭, ৬০ ও ৭৬ মিনিটে গোল করে হ্যাট্রিক করেন লিওনেল মেসি। এর ফলে বিশ্বকাপে সর্বোচ্চ গোলদাতার তালিকায় মেসি, যুগ্মভাবে জার্মানির মিরোস্লাভ ক্লোজের সঙ্গে প্রথম স্থানে উঠে এলেন। উভয়েই বিশ্বকাপে ১৬ টি করে গোল করেছেন।

অন্য আরেকটি খেলায় আজ সান্তা ক্লারা স্টেডিয়ামে, গ্রুপ জে-র ম্যাচে অস্ট্রিয়া জর্ডনকে ৩-১ গোলে পরাজিত করেছে।

রাত সাড়ে ১০ টায় আজ পর্তুগাল, গণপ্রজাতন্ত্রী কঙ্গোর বিরুদ্ধে মাঠে নামবে। খেলাটি হবে হাউস্টন স্টেডিয়ামে। অন্য খেলায়, ইংল্যান্ড, ক্রোয়েশিয়ার মুখোমুখি হবে। ডালাস স্টেডিয়ামে খেলা শুরু আজ রাত দেড়টায়।

************************************************************************

পুরুষদের ক্রিকেটে, আজ লখনউয়ের একানা ক্রিকেট স্টেডিয়ামে তিন ম্যাচের সিরিজের দ্বিতীয় ওয়ানডে-তে ভারত, আফগানিস্তানের মুখোমুখি হবে। খেলা শুরু হবে দুপুর দেড়টায়। শুভমন গিলের নেতৃত্বাধীন ভারতীয় দল, সিরিজে ১-০ ব্যবধানে এগিয়ে আছে।

************************************************************************